55

দৈনিক বাংলা

তারিখ 12 OCT 1987
পৃষ্ঠা 7 কলাম 3

# ভুয়া শিক্ষকের নামে ১৬ বছর ধরে অর্থ আত্মসাৎ

(নিজস্ব সংবাদদাতা)

টাঙ্গাইল, ১০ই অক্টোবর।— একজন ভুয়া শিক্ষককে গত ১৬ বছর যাবত বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে চাকরিরত দেখিয়ে বিরাট অংকের টাকা আত্মসাত করার অভিযোগ পাওয়া গেছে।

গোপালপুর উপজেলা শিক্ষা বিভাগের রেকর্ডপত্র থেকে জানা গেছে, ১৯৭২ সালের আগস্ট মাসে দেওয়ান লৎফর রহমান নামে একজন ভুয়া শিক্ষকের নিয়োগ দেখানো হয়। কিন্তু নিয়োগের পর তার কর্মস্থল দেখানো হয় না। অথচ উক্ত ভুয়া শিক্ষকের নামে যথারীতি বেতন ইত্যাদি প্রদান করা হয়। এমন কি ১৯৮২ সালের ১লা ফেব্রুয়ারী থেকে ১৯শে সেপ্টেম্বর পর্যন্ত অর্ধ গড় বেতনে উক্ত ভুয়া শিক্ষকের নামে ছুটিও দেখানো হয়।

এ ছুটিকালীন সময়ে উক্ত ভুয়া শিক্ষককে গোপালপুর উপজেলার ছবাইল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসাবে কাগজপত্রে দেখানো হয়। সেখান থেকে তাকে বেলুয়া বদলিও দেখানো হয়। কিন্তু সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাস্তবে দেওয়ান লৎফর রহমান নামের কোন শিক্ষকই এসব বিদ্যালয়ে ছিলেন না। এমনকি এখনো নেই। এসব বদলি বা যোগদান সবই গোপালপুর উপজেলা নির্বাহী অফিসারের পক্ষে উপজেলা শিক্ষা অফিসার স্বাক্ষর করেন।

জানা গেছে বর্তমানেও নাকি ঐ নামের একজন ভুয়া শিক্ষককে টাঙ্গাইল সদর উপজেলার একটি বিদ্যালয়ে কর্মরত দেখানো হচ্ছে। বাস্তবে এ নামের কোন শিক্ষকই নেই। তবে এই নামের সে এলাকায় একজন লোক আছে, তিনি শিক্ষকতা করেন না।